

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৫৭

৮/ সওম (রোযা) (১য়০৮)

পরিচ্ছেদঃ ৭৪. যিনি বলেন, নফল সওম ভঙ্গ করলে এর কাযা করতে হবে

بَابُ مَنْ رَأَى عَلَيْهِ الْقَضَاءَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي حَيْوَةُ بْنُ شُرَيْحٍ، عَنْ ابْنِ الْهَادِ، عَنْ عَائِشَةَ قَالَتْ: أُهْدِيَ لِي الْهَادِ، عَنْ عَائِشَةَ قَالَتْ: أُهْدِيَ لِي وَلِحَفْصَةَ طَعَامٌ، وَكُنَّا صَائِمَتَيْنِ فَأَفْطَرْنَا، ثُمَّ دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم، فَقُلْنَا لَهُ: يَا رَسُولَ اللَّهِ، إِنَّا أُهْدِيَتْ لَنَا هَدِيَّةٌ، فَاشْتَهَيْنَاهَا فَأَفْطَرْنَا، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الله عَلَيْهُ وَسَلَّمَ الله عَلَيْهُ وَسَلَّمَ الله عَلَيْكُمَا صَنُومًا مَكَانَهُ يَوْمًا آخَرَ

ضعيف // ضعيف سنن الترمذي (۱۱۸/۷۳۸)، بلفظ آخر، و ضعيف الجمع الصغير (٦٣٠٣)، المشكاة (٢٠٨٠)

বাংলা

২৪৫৭। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমাকে ও হাফসাহ (রাযি.)-কে কিছু খাবার উপটোকন দেয়া হয়। তখন আমরা দু'জনেই সওম অবস্থায় ছিলাম। আমরা সওম ভাঙ্গলাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এলে আমরা তাঁকে বললাম, হে আল্লাহর রাসূল! আমাদেরকে হাদিয়া দেয়া হয়েছিল। আমাদের তা খেতে ইচ্ছে হওয়ায় আমরা তা খেয়ে সওম ভেঙ্গে ফেলি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কোনো অসুবিধা নেই, তবে এর পরিবর্তে অন্য দিন সওম রেখে নিবে।[1]

দুর্বলঃ যঈফ সুনান আত-তিরমিয়ী (১১৮/৭৩৮) পরবর্তী দিন শব্দে, যঈফ আল-জামি'উস সাগীর (৬৩০৩), মিশকাত (২০৮০)।

English

Narrated Aisha, Ummul Mu'minin:



Some food was presented to me and Hafsah. We were fasting, but broke our fast. Then the Messenger of Allah (ﷺ) entered upon us. We said to him: A gift was presented to us; we coveted it and we broke our fast. The Messenger of Allah (ﷺ) said: There is no harm to you; keep a fast another day in lieu of it.

ফুটনোট

[1]. তিরমিযী, আহমাদ। আবূ দাউদের সনদে যুমাইল রয়েছে। হাফিয বলেন : তিনি অজ্ঞাত (মাজহুল)। আর তিরমিযীতে যুহরীর হাদীস সম্পর্কে ইমাম তিরমিযী বলেন : আমি এ বিষয়ে ইমাম বুখারীকে জিজ্ঞেস করলে তিনি বলেন, আয়িশাহ সূত্রে 'উরওয়াহ থেকে যুহরীর হাদীসটি সহীহ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন